ইত্তেফাক

তারিখ ... ২৭.১.৮৬ ... ...
পৃষ্ঠা ... ... ১ ... কলাম ... ৭ ...

০৫৫

## সরকারী অফিসে ধূমপান নিষিদ্ধ করার আহ্বান

বাসস জানায়, গতকাল (শনিবার) ঢাকায় ধূমপান প্রতিরোধ ও নিয়ন্ত্রণ সোসাইটির প্রথম জাতীয় সম্মেলনে স্বাস্থ্যের জন্য ধূমপানের ক্ষতিকর প্রভাব সম্পর্কে ব্যাপকভাবে আলোকপাত করা হয়। সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান। ঢাকা বক্ষব্যাধি ইনষ্টিটিউট ও হাসপাতালের সহযোগী অধ্যাপক ডঃ শামসুল হক তাঁহার নিবন্ধে বলেন, ধূমপান কেবল ধূমপায়ীদেরই ক্ষতি করে না, ধূমপায়ীদের সহিত যাঁহারা থাকেন তাঁহাদেরও সমানভাবে ক্ষতি করে। সোসাইটির সভাপতি জনাব ফজলে হক সকল সরকারী অফিস-আদালতে ধূমপান

(২য় পৃঃ দ্রঃ)

## ধূমপান নিষিদ্ধ করার আহ্বান

(১ম পৃঃ পর)

নিষিদ্ধ করার আহ্বান জানান।

সম্মেলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুইজন অ-ধূমপায়ী মেধাবী ছাত্রকে এক বছর মেয়াদী বৃত্তি প্রদান করা হয়।

এদিকে ঝিনাইদহ হইতে আমাদের নিজস্ব সংবাদদাতা বিশ্বস্বাস্থ্য সংস্থার একটি জার্ণালের উদ্ধৃতি দিয়া জানান, দরিদ্র দেশগুলিতে ধূমপায়ীদের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাইতেছে। বর্তমানে দরিদ্র দেশগুলিতে বার্ষিক ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধির হার হইতেছে শতকরা ৫ ভাগ। তন্মধ্যে বাংলাদেশের স্থান শীর্ষে।

উক্ত নিবন্ধে বলা হয়, বাংলাদেশে ধূমপায়ীর সংখ্যা বৃদ্ধি হেতু ফুসফুস ক্যান্সার, জটিল ব্রংকাইটিসসহ অন্যান্য বক্ষব্যাধির সংখ্যা দ্রুত বৃদ্ধি পাইতেছে। বাংলাদেশের পল্লীতে ধূমপায়ীদের প্রতি ৫০ জনে একজন জটিল বক্ষব্যাধিতে আক্রান্ত।

বাংলাদেশে ১৫ বছরের উর্ধ্ব বয়স্ক পুরুষ জনসংখ্যার শতকরা ৬৭ ভাগ এবং মহিলাদের শতকরা ১ ভাগ ধূমপানে অভ্যস্ত। বাংলাদেশে মোট ধূমপায়ীর এক-তৃতীয়াংশের বয়স ৬ হইতে ২০ বছরের মধ্যে।

নিবন্ধে বলা হয়, ধূমপানের প্রয়োজন মিটাইতে দেশে তামাক চাষ বৃদ্ধির জন্য ধান চাষের জমির পরিমাণ হ্রাস পাইতেছে, ফলে ইতিমধ্যে বছরে ৪৩ হাজার টন চাউলের উৎপাদন হ্রাস পাইয়াছে।